বাগেরহাট প্রেসক্লাব নির্বাচনে লড়ছেন ২৫ প্রার্থী

বাগেরহাট প্রেসক্লাব নির্বাচনে মনোনয়নপত্র বাছাই শেষে সোমবার দুই প্যানেলের ২৫ জনের বৈধ প্রার্থী তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ইতিমধ্যেই নীহার-সিরাজ-বাকী পরিষদের প্যানেল থেকে সাধারন সম্পাদক পদে তালুকদার মো. আব্দুল বাকী (ভোরের কাগজ) ও অর্থ সম্পাদক পদে মোল্লা মাসুদুল হক (বাংলাভিশন) বিনা প্রতিদন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। আগামী (২১ নভেম্বর) শনিবার বেলা ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত প্রেসক্লাব ভবনে বিরতিহীন ভোট গ্রহন অনুষ্ঠিত হবে। সোমবার বিকালে বাগেরহাট প্রেসক্লাবের নির্বাচন কমিশনার শেখ আহসানুল করিম এতথ্য নিশ্চিত করেছেন।

বাগেরহাট প্রেসক্লাবে এবারের নির্বাচনে ১৪টি পদের সবকটিতে নীহার-সিরাজ-বাকী প্যানেল থেকে প্রতিদন্দ্বিতা করছেন। সভাপতি পদে নিহার রঞ্জন সাহা (বিটিভি), সহ সভাপতি পদে নকীব সিরাজুল হক (স্পন্দন), সাধারণ সম্পাদক পদে তালুকদার মো. আব্দুল বাকী (ভোরের কাগজ), সহ সাধারণ সম্পাদক পদে শেখ আজমল হোসেন (রাজপথের দাবী), অর্থ সম্পাদক পদে মোল্লা মাসুদুল হক(বাংলাভিশন), দপ্তর ও গ্রন্থাগার সম্পাদক পদে হেদায়েত হোসাইন লিটন(দিনকাল), তথ্য প্রযুক্তি সম্পাদক পদে তরফদার রবিউল ইসলাম (এনটিভি), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক পদে এস এম রাজ (ভোরের আকাশ) এবং নির্বাহী সদস্যের ৬টি পদে অধ্যাপক মাহফিজুর রহমান মাফুজ (চ্যানেল আই), মো. দেলোয়ার হোসেন(সমকাল), মো. ইয়ামিন আলী(যমুনা টিভি), ইসরাত জাহান (যায়যায়দিন), এস এম সামছুর রহমান(আরটিভি, বাংলাট্রিবিউন), ফকির হাসান আলী(আমাদের অর্থনীতি) প্রতিদন্দ্বিতা করছেন।

অপর দিকে টুকু-বাবুল-বিষ্ণু পরিষদের প্যানেল থেকে ১১ জন প্রাথী নির্বাচনে লড়ছেন। এদের মধ্যে এক মাত্র সভাপতি পদেই ৩জন প্রাথী হয়েছেন। তারা হলেন এ্যাডভোকেট মো. শাহ্ আলম টুকু (অবজারভার), বাবুল সরদার (জনকন্ঠ), বিষ্ণুপ্রসাদ চক্রবর্তী (৭১টিভি)। সহ সভাপতি পদে নিয়ামুল হাদী রানা (আমাদের সময়), সহ সাধারণ সম্পাদক মীর জায়েসী আরশরাফী জেমন্স (কল্যান), তথ্য প্রযুক্তি সম্পাদক পদে অরিন্দম দেবনাথ (গ্রামের কাগজ), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক পদে খন্দকার আকমল উদ্দিন সাখি (বেতার), দপ্তর ও গ্রন্থাগার সম্পাদক পদে লিটন সরকার (দেশের কন্ঠ), নির্বাহী সদস্যের ৬টি পদের মধ্যে

৩টিতে মো. কামরুজ্জামান (সমাজের কথা), মোয়াজ্জেম হোসেন মজনু (দিনের আলো), মো. আলী আকবর টুটুল (সময় টিভি) প্রতিদন্দ্বিতা করছেন।